দৈনিক ইত্তেফাক

তারিখ 25 DEC 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

62

## ক্যাম্পাসে সম্প্রীতি মিছিল

ইত্তেফাক রিপোর্ট ॥ শ্রেণী কক্ষকে কেন্দ্র করিয়া সৃষ্ট বিবাদ মিটাইয়া ফেলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ ও ফিন্যান্স বিভাগের ছাত্র-ছাত্রীরা গতকাল (বৃহস্পতিবার) যৌথভাবে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে গুলী

ইত্তেফাক রিপোর্ট ॥ ক্যাম্পাসে সন্ত্রাসীদের আনাগোনা বৃদ্ধি পাইয়াছে। গতকাল(বৃহস্পতিবার) এস, এম ও জহুরুল হক হল এলাকায় ১০/১৫ রাউণ্ড গুলী বর্ষিত হয়।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে গুলী

(১ম পৃঃ পর)

কেহ হতাহত হয় নাই। এলাকায় পুলিশ প্রহরা জোরদার করা হইয়াছে। প্রায় মাসাধিককাল পর ক্যাম্পাসে বহিরাগত তরুণদের ব্যাপক উপস্থিতি পরিলক্ষিত হইতেছে। বুধবার রাতেও জহুরুল হক হল ও এস, এম হল এলাকায় ফাকা গুলী বর্ষিত হয়। ইহার পর পুলিশ হল ২টা তল্লাশী চালাইলেও কেহ গ্রেফতার হয় নাই।

## ক্যাম্পাসে সম্প্রীতি মিছিল

(১ম পৃঃ পর)

সম্প্রীতি মিছিল বাহির করে। 'বিভেদ নয় ঐক্য' এই ব্যানার সহকারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ হইতে ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমেদের নেতৃত্বে এই মিছিল শুরু হয়। পরে প্রশাসনিক ভবনের সম্মুখে মিছিল শেষ হয়।

উল্লেখ্য, ২১শে জুন লেকচার থিয়েটার-এর একটি কক্ষ ব্যবহারকে কেন্দ্র করিয়া অর্থনীতি ও ফিনান্স বিভাগের দুইদল ছাত্রের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও গুলীবর্ষণের ঘটনায় ২ জন ছাত্র গুলীবিদ্ধ ও কয়েকজন আহত হইয়াছিল।